3 (Sem–5/CBCS) BEN HC 1

# 2023

## BENGALI

( Honours Core )

Paper : BEN–HC–5016

( আধুনিক বাংলা সাহিত্য ঃ প্রাক্-স্বাধীনতা পর্ব )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নির্দেশানুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) "কে হায় _____ খুঁড়ে বেদনা জাগাতে ভালোবাসে!"

( শূন্যস্থান পূরণ করো )

(খ) 'চম্পা' কবিতার মোট স্তবক সংখ্যা কয়টি ?

(গ) "বেয়নেট হোক যত ধারালো"—'বেয়নেট' শব্দের অর্থ কী ?

(ঘ) 'রজনী' উপন্যাসের ভুবনেশ্বরী কে ?

(ঙ) "_____ প্রান্তভাগে আমার পিতার একখানি পুষ্পোদ্যান জমা ছিল।"

( শূন্যস্থান পূরণ করো )

(চ) শচীন্দ্র ও রজনীর পুত্র সন্তানের নাম কী?

(ছ) "তোমার এই সমুদ্রতুল্য হৃদয়ে কি আমার জন্য এতটুকু স্থান নাই?" উক্তিটির বক্তা কে?

(জ) "হিন্দুর বিদ্যাসুন্দর আছে; মুসলমানের ______ আছে।"

( শূন্যস্থান পূরণ করো )

(ঝ) "জলৌকা প্রভৃতি কীটপতঙ্গ দেখিয়া আমরা ভীতবিহ্বলা হই।" 'জলৌকা' শব্দের অর্থ কী?

(ঞ) বঙ্গভঙ্গের সময় মেয়েরা কাচের চুড়ি বর্জন করলে স্বদেশী পণ্য হিসেবে কোন্ ধরনের চুড়ির প্রচলন হয়েছিল?

২। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) 'রাখালী' কবিতায় উল্লিখিত দুটি ফুলের নাম লেখো।

(খ) 'রজনী' উপন্যাসে মোট কয়টি খণ্ড রয়েছে? এর শেষ খণ্ডটির নাম কী?

(গ) 'রজনী' উপন্যাসের রামসদয় মিত্র ও তার স্ত্রী লবঙ্গলতার বয়স কত?

(ঘ) মহম্মদ শহীদুল্লাহ্ 'আমাদের ভাষাসমস্যা' প্রবন্ধে স্কুল, কলেজ, মাদ্রাসা সর্বত্রই বৈকল্পিক বিষয় (optional subject) হিসেবে কোন্ দুটি ভাষার কথা উল্লেখ করেছেন?

(ঙ) 'প্রাচীন বঙ্গসাহিত্যের বিশেষ লক্ষণ' প্রবন্ধে উল্লিখিত যে কোনো দুজন 'ধর্মমঙ্গল'-এর কবির নাম লেখো।





৩। নীচের যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) "আশার ছলনে ভুলি কি ফল লভিনু হায়," 'আশা' কীভাবে কবিকে ছলনা করেছে, সংক্ষেপে লেখো।

(খ) তাৎপর্য ব্যাখ্যা করো :

"তোমার কান্নার সুরে বেতের ফলের মতো তার
ম্লান চোখ মনে আসে;
পৃথিবীর রাঙা রাজকন্যাদের মতো সে যে রূপ
নিয়ে চ'লে গেছে দূরে;"

(গ) 'রজনী' উপন্যাসের চাঁপা চরিত্রের বর্ণনা দাও।

(ঘ) "গোবিন্দ বাবু একটি গল্প বলিলেন, তাহার সারমর্ম এই।" গল্পের সারমর্ম কী ছিল, সংক্ষেপে লেখো।

(ঙ) রাজশেখর বসু তাঁর 'অপবিজ্ঞান' প্রবন্ধে 'বিদ্যুৎ' সম্পর্কে যে অপবিজ্ঞান চর্চার বিষয়গুলি তুলে ধরেছেন তা আলোচনা করো।

(চ) মহম্মদ শহীদুল্লাহ্ 'আমাদের ভাষাসমস্যা' প্রবন্ধে মাদ্রাসাগুলিতে ভাষাচর্চা সম্পর্কে যে অভিমত তুলে ধরেছেন তা আলোচনা করো।

৪। (ক) রবীন্দ্রনাথের 'একটি মাত্র' কবিতায় জীবন উপলব্ধির মর্মসত্য কীভাবে উদ্‌ঘাটিত হয়েছে, আলোচনা করো। ১০

*অথবা*

(খ) সুকান্ত ভট্টাচার্যের 'একটি মোরগের কাহিনী' কবিতায় শোষক ও শোষিতের যে চিত্র রূপায়িত হয়েছে তা ব্যাখ্যা করো।

৫। (ক) 'রজনী' উপন্যাসের অমরনাথ চরিত্রের বিশেষত্ব আলোচনা করো। ১০

অথবা

(খ) 'রজনী' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

৬। (ক) বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন 'স্ত্রীজাতির অবনতি' প্রবন্ধে কীভাবে স্ত্রীলোকের অবনতির কারণ ও সমস্যাগুলির উদ্‌ঘাটন করেছেন, আলোচনা করো। ১০

অথবা

(খ) "যে জাতির শাসনে দাসত্ব, চিন্তায় দাসত্ব, সমাজে দাসত্ব, তাহাদের সাহিত্য অন্যরূপ হইবে কেন?" 'প্রাচীন বঙ্গসাহিত্যের বিশেষ লক্ষণ' প্রবন্ধের অন্তর্গত উক্ত বক্তব্যের মাধ্যমে প্রাবন্ধিক কী বুঝাতে চেয়েছেন, আলোচনা করো।

৭। (ক) তোমার পঠিত জসীমউদ্দীনের 'রাখালী' কবিতার মূল বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করো। ১০

অথবা

(খ) 'রজনী' উপন্যাসের পঞ্চম খণ্ডের কাহিনীর বিস্তারিত বর্ণনা দাও।

**2023**

# BENGALI

( Honours Elective )

Paper : BEN-HE-5016

**( শিশু ও কিশোর সাহিত্য )**

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) 'সৎপাত্র' কবিতায় পাত্রটির নাম কী?

(খ) 'খিচুড়ি' কবিতায় ফড়িঙের ঢং ধরে কে উড়তে চেয়েছে?

(গ) 'গোঁফচুরি' কবিতায় কার মাথার ব্যামো হয়েছিল?

(ঘ) 'বাবুরাম সাপুড়ে' কবিতার কবি কে?

(ঙ) ছোটরাণী ডাকিনী ব্রাহ্মণীকে কী বলে ডাকত?

(চ) 'ক্ষীরের পুতুল'-এ রাণীর পায়ে ক'গাছা মল ছিল?

(ছ) রাজমন্ত্রী কী দিয়ে বাঁদরছানা কিনে এনেছিলেন?

(জ) পদিপিসির ছেলের নাম কী ?

(ঝ) 'পদিপিসি দি সেকেণ্ড' কে ?

(ঞ) ডাকাতের কথা কাউকে না বলার জন্য নিমাইখুড়ো পদিপিসিকে কত টাকা দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছিলেন ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) 'খিচুড়ি' কবিতায় গিরগিটির মনে শঙ্কা হয়েছিল কেন ?

(খ) শ্যামবাবুদের গয়লার গোঁফ কেমন ছিল ?

(গ) মুক্তোর রাজ্যের রাজার বাগানের পায়রা দুটির পা ও ঠোঁট কেমন ছিল ?

(ঘ) পদিপিসির বাক্স থেকে দিদিমা ক্ষেন্তিপিসি ও সেজো দাদামশাইকে কী দিয়েছিলেন ?

(ঙ) "এই খেয়েই তোমালোককো দেশকো এইসা দশা।" বক্তা কে ? তিনি কী খাওয়ার কথা বলেছেন ?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো **চারটি**) : ৫×৪=২০

(ক) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

"গোঁফকে বলে তোমার আমার—গোঁফ কি কারো কেনা ?
গোঁফের আমি গোঁফের তুমি, তাই দিয়ে যায় চেনা।"

(খ) 'বাবুরাম সাপুড়ে' কবিতা অনুসরণে সাপের বর্ণনা দাও।

(গ) 'ক্ষীরের পুতুল'-এ রাজার বিদেশ যাত্রার যে বর্ণনা রয়েছে তা সংক্ষেপে আলোচনা করো।





(ঘ) 'ক্ষীরের পুতুল' গল্পে বানর চরিত্রের গুরুত্ব আলোচনা করো।

(ঙ) পদিপিসির বর্মিবাক্স থেকে আবিষ্কৃত পুথিতে কী লেখা ছিল তা সংক্ষেপে লেখো।

(চ) 'পদিপিসির বর্মিবাক্স' অবলম্বনে দিদিমা চরিত্রটি আলোচনা করো।

৪। (ক) 'সৎপাত্র' কবিতার নামকরণের সার্থকতা বিচার করো। ১০

*অথবা*

(খ) 'বাবুরাম সাপুড়ে' কবিতার বিষয়বস্তু নিজের ভাষায় লেখো।

৫। (ক) 'ক্ষীরের পুতুল' অবলম্বনে বড়রাণীর চরিত্র আলোচনা করো। ১০

*অথবা*

(খ) 'ক্ষীরের পুতুল' গ্রন্থের নামকরণের সার্থকতা বিচার করো।

৬। (ক) 'পদিপিসির বর্মিবাক্স' উপন্যাস অবলম্বনে গজার উপাখ্যানটি নিজের ভাষায় লেখো। ১০

*অথবা*

(খ) 'পদিপিসির বর্মিবাক্স' উপন্যাসে বর্ণিত ক্ষেন্তিপিসির চরিত্রের বিষয়ে আলোচনা করো।

৭। (ক) 'গোঁফচুরি' কবিতার বিষয়বস্তু নিজের ভাষায় লেখো। ১০

অথবা

(খ) শিশু-সাহিত্য হিসেবে 'ক্ষীরের পুতুল'-এর সার্থকতা বিচার করো।

★★★

**2 0 2 3**

# BENGALI

( Honours Core )

Paper : BEN-HC-5026

**( আধুনিক বাংলা সাহিত্য ঃ স্বাধীনোত্তর পর্ব )**

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) 'যত দূরেই যাই' কবিতাটি কে রচনা করেছেন ?

(খ) শূন্যস্থান পূরণ করো :

"বৃষ্টি পড়ে এখানে বারোমাস
এখানে মেঘ _____ মতো চরে।"

(গ) 'সাকিন' কবিতার শেষ স্তবকে কবি একহাতে বর্ণপরিচয়ের পাশাপাশি অন্যহাতে কী রয়েছে বলে উল্লেখ করেছেন ?

(ঘ) নেটিভ স্টেট অঞ্জনগড়ের আয়তন কত বর্গমাইল ?

(ঙ) আমিনা কে ?

(চ) ক্ষেন্তি কী রোগে আক্রান্ত হয়েছিল ?

(ছ) বাঞ্ছারাম গুপির কে হয় ?

(জ) কার আহ্বানে কুমীরা ঘোড়ানিমের জঙ্গলে এসে একত্রিত হয়েছিল ?

(ঝ) 'সাজানো বাগান' নাটকে গোবিন্দ কে ?

(ঞ) নকড়ি দত্ত বাঞ্ছারামকে কত টাকা করে মাসোহারা দিত ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) 'উদ্বাস্তুর ডায়েরি' কবিতায় কবি কাদের খুল্লতাত ভাই বলে সম্বোধন করেছেন ?

(খ) 'পুঁইমাচা' গল্পের দুটি চরিত্রের নাম লেখো।

(গ) "আমরা খিদিরপুরে সইন করে জাহাজের কামে ঢুকেছিলাম—একই দিন একই সঙ্গে।" এখানে আমরা বলতে কাদের কথা বোঝানো হয়েছে ?

(ঘ) নকড়ি দত্তের দুই যমজ ছেলের নাম কী ?

(ঙ) 'সাজানো বাগান' নাটকে প্রেতাত্মাটির নাম কী ? তার উত্তরপুরুষ কে ছিল ?





৩। নিম্নলিখিত যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'অপার বাংলা' বলতে কবি সঞ্জয় কী বোঝাতে চেয়েছেন, লেখো।

(খ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

"আমি যত দূরেই যাই
আমার সঙ্গে যায়
ঢেউয়ের মালা গাঁথা
এক নদীর নাম—"

(গ) ময়নার মা কীভাবে পুলিশকে জব্দ করে ভুবনকে রক্ষা করেছিল তার বর্ণনা দাও।

(ঘ) "ও টাকা আগে দাও তবে মেয়ে নিয়ে যাও।" 'পুঁইমাচা' গল্পে কে, কাকে, কেন একথা বলেছে, লেখো।

(ঙ) "আর এই হয়েছে আজকালকার ডাক্তার কোবরেজ! মানুষ বাঁচবে কি না তাও বলতে পারে না, মানুষ যে মরবে তারও গ্যারান্টি দেয় না।" নকড়ি দত্তের এই মন্তব্যের কারণ বিশ্লেষণ করো।

(চ) 'সাজানো বাগান' নাটকে চিত্রিত গুপি চরিত্র আলোচনা করো।

৪। (ক) সুনীল গঙ্গোপাধ্যায়ের 'নীরার জন্য কবিতার ভূমিকা' কবিতাটির নামকরণের সার্থকতা বিচার করো। ১০

অথবা

(খ) ‘মনসামঙ্গল’ কবিতার বিষয়বস্তু আলোচনা করে শক্তিপদ ব্রহ্মচারীর কাব্য-প্রতিভার পরিচয় দাও।

৫। (ক) ‘মহেশ’ গল্প অবলম্বনে গফুর চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

অথবা

(খ) ‘ফসিল’ গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

৬। (ক) ‘সাজানো বাগান’ নাটকের বাঞ্ছারাম চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

অথবা

(খ) ‘সাজানো বাগান’ নাটকে বাগান দখলের ষড়যন্ত্র কীভাবে ব্যর্থ হয়েছিল সে সম্পর্কে যথাযথ আলোচনা করো।

৭। (ক) তারাশঙ্করের ‘তারিণী মাঝি’ গল্পে যে রূঢ় বাস্তব জীবনের ছবি ফুটে উঠেছে তা আলোচনা করো। ১০

অথবা

(খ) ‘সাজানো বাগান’ নাটকের অপ্রধান চরিত্রগুলো সম্পর্কে যা জান লেখো।

* * *

**2 0 2 3**

BENGALI

( Honours Elective )

Paper : BEN–HE–5026

**( জীবনী সাহিত্য ও স্মৃতিকথা )**

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) কে বিবেকানন্দকে 'বেঁটে শালা' বলে ডাকতেন?

(খ) বিবেকানন্দের প্রপিতামহ রামমোহন দত্তের পেশা কী ছিল?

(গ) বিবেকানন্দের ভগিনী যোগীন্দ্রবালাকে কে ইংরেজি শেখাতেন?

(ঘ) তিরোধানের পূর্বে স্বামীজি কবিরাজের পরামর্শে কতদিন জল না খেয়ে ছিলেন?

(ঙ) রবীন্দ্রনাথ শৈশবে কার কাছে কৃত্তিবাসী রামায়ণ শুনেছিলেন?

(চ) রবীন্দ্রনাথের সেজো দাদার নাম কী?

(ছ) ছেলেবেলায় রবীন্দ্রনাথকে যে মাঝি গল্প শুনিয়েছিল তার নাম কী?

(জ) 'ধুনি সাহেব' কোথায় অবস্থিত?

(ঝ) "Look look, The man is going to be hanged but he laughes." এখানে কার কথা বলা হয়েছে?

(ঞ) দেবব্রত পরবর্তীকালে কী নামে প্রসিদ্ধ হয়েছিলেন?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) "চেয়েছিলাম শিবকে, পেলাম এক ভূতকে।" বক্তা কে? তিনি কার সম্পর্কে একথা বলেছেন?

(খ) স্বামী বিবেকানন্দের দুই দিদির নাম লেখো।

(গ) রবীন্দ্রনাথের দুজন সংগীত গুরুর নাম উল্লেখ করো।

(ঘ) "তোমাকে আর ঘর সামলাতে হবে না, নিজের হাত সামলিও।" বক্তা কে? তিনি কাকে একথা বলেছেন?

(ঙ) 'উদাসী সম্প্রদায়'-এর প্রতিষ্ঠাতা কে? তাঁর পিতার নাম কী?





৩। নিম্নলিখিত যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) বিবেকানন্দের আমেরিকা যাত্রার প্রসঙ্গে খেতড়ির মহারাজের অবদান বিষয়ে আলোচনা করো।

(খ) সন্ন্যাস সম্পর্কে স্বামীজির ধারণা ব্যক্ত করো।

(গ) ছেলেবেলায় ঠাকুরবাড়ির দালানে রবীন্দ্রনাথের যাত্রা দেখার অভিজ্ঞতাটি বর্ণনা করো।

(ঘ) 'ছেলেবেলা' অনুসরণে শ্রীকণ্ঠবাবুর পরিচয় দাও।

(ঙ) "My Mission is over", বক্তার এরূপ মন্তব্যের কারণ কী, আলোচনা করো।

(চ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

"রবিবারে মামাদের স্ফূর্তির মাত্রা একটু বাড়িয়া যাইত।"

৪। (ক) "তিনি জীবনে যা কিছু সৎকার্য করিয়াছেন, সমস্তই সেই জননীর কৃপাপ্রভাব।" এই মন্তব্যের আলোকে বিবেকানন্দের জীবনে জননী ভুবনেশ্বরী দেবীর প্রভাব সম্পর্কে আলোচনা করো। ১০

*অথবা*

(খ) 'অচেনা অজানা বিবেকানন্দ' গ্রন্থে স্বামীজির পরিবারে বিষয়-আশয় নিয়ে বিবাদ ও অসন্তোষের যে বর্ণনা রয়েছে তা তোমার নিজের ভাষায় লেখো।

৫। (ক) 'ছেলেবেলা' গ্রন্থ অবলম্বনে জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের সাহিত্য ও শিকারপ্রীতির বর্ণনা দাও। ১০

অথবা

(খ) 'ছেলেবেলা' গ্রন্থে সেকালের ডাকাতদের যে বর্ণনা রয়েছে তা তোমার নিজের ভাষায় লেখো।

৬। (ক) 'আত্মজীবনী' ও 'স্মৃতিকথা'-র পার্থক্য নির্দেশ করে 'নির্বাসিতের আত্মকথা' কোন্ ধরনের রচনা তা নির্ধারণ করো। ১০

অথবা

(খ) 'নির্বাসিতের আত্মকথা' গ্রন্থ অনুসরণে নরেন্দ্র হত্যার কাহিনিটি নিজের ভাষায় লেখো।

৭। (ক) 'ছেলেবেলা' গ্রন্থ অবলম্বনে ঠাকুরবাড়ির মেয়েদের জীবনযাত্রার বর্ণনা দাও। ১০

অথবা

(খ) 'নির্বাসিতের আত্মকথা' গ্রন্থে কয়েদি-নিগ্রহ এবং কয়েদিদের অন্তর্বিরোধের যে বর্ণনা রয়েছে তা আলোচনা করো।

★ ★ ★